

## বিজ্ঞপ্তি

ভারতের নির্বাচন কমিশন গত ১২ই মার্চ, ২০২৬ইং এর নির্দেশিকা এবং ১৫ই মার্চ, ২০২৬ইং তারিখে জারি করা Notification অনুযায়ী বরিষ্ঠ নাগরিক (৮৫ বছরের উর্ধ্ব), বিশেষভাবে সক্ষম (৪০% ও তার উর্ধ্ব দিব্যাঙ্গ) নাগরিক ও কোভিড -১৯ আক্রান্ত ব্যক্তিদের ক্ষেত্রে ভোটাধিকার প্রয়োগের বিষয়ে কিছু বিশেষ নির্দেশিকা জারি করেছে। এই নির্দেশিকা ত্রিপুরার ৫৬-ধর্মনগর বিধানসভা নির্বাচন ক্ষেত্রের উপ-নির্বাচনের বিজ্ঞপ্তি জারির মাধ্যমে কার্যকর হয়েছে। উল্লেখিত নির্বাচক আগামী ২১-মার্চ, ২০২৬ইং এর মধ্যে সংশ্লিষ্ট BLO দেব কাছে ফর্ম ১২-ডি জমা করতে পারবেন। এক্ষেত্রে সেক্টর অফিসারের তদারকিতে সংশ্লিষ্ট BLO, RO-এর নির্দেশ অনুসারে বাড়ি বাড়ি গিয়ে ফর্ম ১২-ডি বিতরণ এবং সংগ্রহ করবেন। তবে নির্বাচক নিজেই সিদ্ধান্ত নেবেন তিনি পোস্টাল ব্যালটের মাধ্যমে নির্বাচনে অংশ গ্রহণ করবেন কিনা। যে সকল নির্বাচক পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দানের সুবিধা নেবেন তারা ভোটকেন্দ্রে গিয়ে ভোটদান করতে পারবেন না। RO এইরকম পোস্টাল ব্যালটের, নির্বাচকদের এক প্রতিলিপি স্বীকৃত রাজনৈতিক দলের প্রার্থীদেরকেও দেবেন।

নির্দেশিকায় বলা হয়েছে, কোভিড-১৯ আক্রান্ত রোগীর ক্ষেত্রে রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট ব্যক্তির স্বাস্থ্য সম্পর্কে সুনিশ্চিত হলে পোস্টালব্যালট সরবরাহ ও সংগ্রহ করবেন। শারীরিক প্রতিবন্ধী (PwD) নির্বাচকের ক্ষেত্রে আবেদন পত্রের (১২-ডি) সাথে উপযুক্ত কতৃপক্ষের দেওয়া দিব্যাঙ্গ সার্টিফিকেট জমা দিতে হবে। এ জাতীয় নির্বাচন প্রক্রিয়ায় নির্বাচক রাজি হলেই BLO ফর্ম ১২-ডি সংগ্রহ করবেন এবং বিজ্ঞপ্তি জারির পরবর্তীপাঁচ দিনের মধ্যে RO কাছে জমা দেবেন।

নির্দেশিকায় আরো বলা হয়েছে যে, ফর্ম ১২-ডি তে উল্লেখিত ঠিকানায় গিয়ে নির্বাচন আধিকারিকরা পোস্টাল ব্যালট প্রক্রিয়ার তথ্যবধান করবেন। নির্বাচন আধিকারিকগণ কবে এবং কখন পোস্টাল ব্যালটের নির্বাচকদের বাড়ি পরিদর্শন করবেন তা SMS কিংবা BLO-র মাধ্যমে আগাম জানানো হবে। প্রথমবার পরিদর্শনকালে সংশ্লিষ্ট নির্বাচককে উল্লেখিত ঠিকানায় পাওয়া না গেলে তারা দ্বিতীয়বার আগাম তারিখ ও সময় জানিয়ে পরিদর্শন করবেন। কিন্তু দ্বিতীয়বার ও নির্বাচক অনুপস্থিত থাকলে দপ্তরের পক্ষ থেকে এই ব্যাপারে আর কোন প্রচেষ্টা করা হবে না। পোস্টাল ব্যালট কবে বিলি এবং সংগ্রহ করা হবে তাও নির্বাচকদের আগাম জানানো হবে। নির্বাচন আধিকারিক পোস্টাল ব্যালট জারি করার আগে নির্বাচকের পরিচয়পত্র যাচাই করে নেবেন। নির্বাচন আধিকারিক নির্বাচককে পুরো নির্বাচন প্রক্রিয়া সম্পর্কে অবহিত করবেন এবং ফর্ম ১৩-এ ঘোষণাপত্র স্বাক্ষর করাবেন এবং পোস্টাল ব্যালটে ভোটদান সম্পন্ন হলে ফর্ম ১৩-সি সম্বলিত খাম সংগ্রহ করবেন। ভোটদান প্রক্রিয়া অফিসিয়াল ভিডিওগ্রাফার এর মাধ্যমে ভিডিওগ্রাফি করা হবে। সমস্ত নির্বাচন কেন্দ্রেই নির্বাচন আধিকারিক নির্বাচকের বাড়ি পরিদর্শন তথা পোস্টাল ব্যালটে ভোট প্রক্রিয়া সংশ্লিষ্ট নির্বাচন কেন্দ্রের জন্য নির্দিষ্ট করা ভোটগ্রহণের তারিখের একদিন আগেই সম্পন্ন করতে হবে।

ত্রিপুরা মুখ্য নির্বাচনী আধিকারিক দ্বারা জনস্বার্থে প্রচারিত

"জনগণের সার্বিক অংশগ্রহণই একটি মজবুত গনতন্ত্রের ভিত"।

ICA/O/2145/26